



৩৫ তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন



হুমায়রা সিদ্দিকা হুমাশা-Humaira Siddika Humasha

ড. আবু বকর সিদ্দিক-Dr. Abu Bakkar Siddiq

ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার

বিষয়- আন্তর্জাতিক বিষয়াবলী

বিষয় কোড- ০০৭

সময়- ৩ ঘন্টা

[ডান দিকের সংখ্যা সংশিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

পূর্ণমান- ১০০

১। যে কোন ১০টি বিষয়ের উপর সংক্ষিপ্ত আলোচনা করুন।

৪×১০ = ৪০

- (ক) জাতি ভিত্তিক রাষ্ট্র (nation-state) বলতে কি বুঝায়?
- (খ) অপ্রচলিত নিরাপত্তা বলতে কি বুঝায়?
- (গ) সার্বভৌমত্ব (sovereignty) ও সার্বভৌম সমতার মধ্যে তফাৎ কি?
- (ঘ) বিশ্বায়ন প্রক্রিয়ার মূল চালিকাশক্তি (Driving forces of globalization) গুলো কি?
- (ঙ) ট্রানজিট ও টানশীপমেন্ট এর সংজ্ঞা দিন।
- (চ) ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র-এর বৈশিষ্ট্যসমূহ লিখুন।
- (ছ) পররাষ্ট্রনীতির অভ্যন্তরীণ উপাদানগুলো কি কি?
- (জ) মৈত্রী চুক্তি ও নিরাপত্তা চুক্তির মৌলিক পার্থক্যসমূহ কি কি?
- (ঝ) ব্রেটন-উডস প্রতিষ্ঠানসমূহ (Bretton Woods Institutions)।
- (ঞ) বহুজাতিক সংস্থার পাঁচটি বৈশিষ্ট্য লিখুন।
- (ট) Responsibility to Protect (R₂P) কী?
- (ঠ) ইউরোজোন ঋণ সংকট (Eurozone debt crisis)।

২। যে কোন ৩টি প্রশ্নগুলোর উত্তর দিন

১৫×৩ = ৪৫

- (ক) (i) বাংলাদেশ-ভারত দ্বিপাক্ষিক সম্পর্কের গুরুত্বপূর্ণ বিষয়গুলি (important issues) চিহ্নিত করুন। ৭
- (ii) দ্বিপাক্ষিক সম্পর্কোন্নয়নের পারস্পরিক স্বার্থে বাংলাদেশ ও ভারত কিছু কিছু ক্ষেত্রে সরাসরি সংযোগ (connectivity) প্রতিষ্ঠায় উদ্যোগী হয়েছে। এ ক্ষেত্রে এর অগ্রগতি ও সম্ভাবনার উপর আলোচনা করুন। ৮
- (খ) আপনি কি মনে করেন, মধ্যপ্রাচ্যের কুদী সমস্যা অপরিহার্যভাবে একটি জাতীয়তাবাদী সমস্যা? সমস্যাটির ঐতিহাসিক ও বর্তমান প্রেক্ষাপটের আলোকে আপনার মতামত উপস্থাপন করুন। ১৫
- (গ) (i) জাতিসংঘ সনদ (UN Charter) অনুসারে নিরাপত্তা পরিষদের (Security Council) গঠন ও মূল দায়িত্ব কি? ৬
- (ii) সমসাময়িক বিশ্বের ভূ-রাজনৈতিক-অর্থনৈতিক শক্তির ভারসাম্যের প্রতিফলনে নিরাপত্তা পরিষদের সংস্কারসমূহের দাবী আলোচনা করুন। ৯
- (ঘ) একটি রাজনৈতিক জাতি গঠনের ক্ষেত্রে বাংলাদেশের সাফল্য ও ব্যর্থতা মূল্যায়ন করুন। দেশটির মুক্তিযুদ্ধের চেতনা শক্তিশালী করার ক্ষেত্রে আপনার পরামর্শ উপস্থাপন করুন। ১৫

৩৩। সমস্যাটি সমাধান করুন:-

১৫

স্বল্পোন্নত দেশ হিসেবে বাংলাদেশ মার্কিন যুক্তরাষ্ট্রসহ কিছু উন্নত দেশের বাজারে অগ্রাধিকারমূলক বাণিজ্য সুবিধা (GSP) পেয়ে থাকে। সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশকে প্রদত্ত GSP সুবিধা স্থগিত করেছে। বাংলাদেশ সরকার কূটনৈতিক পর্যায়ে আলোচনার মাধ্যমে উক্ত GSP সুবিধা পুনর্বহালের চেষ্টা করছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা হিসেবে মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে GSP সুবিধা পুনর্বহাল সংক্রান্ত আলোচনায় কি কি বিষয় স্থান পাবে বলে মনে করেন এবং এসব বিষয়ে কিভাবে বাংলাদেশের অবস্থান তুলে ধরবেন, আলোচনা করুন।